জীবননগরে অসহায় দরিদ্র পরিবারে মাঝে খাদ্য সমাগ্রী বিতরণ

পবিত্র মাহে রমজান উপলক্ষে সামাজিক দুরত্ব বজায় রেখে স্বাস্থ্যবিধি মেনে জীবননগর উপজেলার ১৪০টি অসহায় হতদরিদ্র পরিবারের মাঝে বিভিন্ন খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার বেলা সাড়ে ১২টার সময় দোস্ত এইড বাংলাদেশ সোসাইটির উদ্যোগে সেচ্ছাসেবী সংগঠন শিকড় সমাজ কল্যাণ সংস্থার বাস্তবায়নে এ খাদ্য সামগ্রী বিতরণ করা হয়।

প্রতিটি প্যাকেজে রয়েছে ৮ কেজি চাউল, ১কেজি ডাউল, ১লিটার সয়াবিন তেল, ১ কেজি ছুলা, ১ কেজি মুড়ি, ১ কেজি আটা, ১ কেজি পিয়াজ, ১ কেজি চিনি, সাবানসহ বিভিন্ন খাদ্য সামগ্রী।

শিকড় সমাজ কল্যাণ সংস্থার চুয়াডাঙ্গা জেলা কমিটির সহ-সভাপতি চাষী রমজানের সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন শিকড় সমাজ কল্যাণ সংস্থার যুগ্ন সাধারণ সম্পাদক ও মাই টিভির জীবননগর উপজেলা প্রতিনিধি মিঠুন মাহমুদ, শিকড় সমাজ কল্যাণ সংস্থার কোষাধ্যক্ষ হোসাইন আহম্মেদ সদস্য মফিজুল ইসলাম, তুহিনুজ্জামান, রমজান হোসেন, লাবনী, মিম, ওমর ফারুক, বাদশা, নিলয় প্রমুখ।

দর্শনা থানা পুলিশের অভিযানে গাঁজা সহ ১জন গ্রেফতার

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশের মাদকবিরোধী অভিযানে এক কেজি গাঁজা সহ ১ জনকে গ্রেফতার করা হয়েছে।

পুলিশ জানায়, গতকাল সোমবার দুপুর ২ ঘটিকার সময় গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার ওসি মাহাব্বুর রহমান কাজলের নেতৃত্ব এস আই শরিফুল ইসলাম, এ.এস আই শাহিন আলম, এ.এস আই ইদ্রিস আলী এবং সঙ্গীয় ফোর্স নিয়ে দর্শনা পৌরসভার বিশেষ শিক্ষা প্রতিবন্ধী বিদ্যালয়ের

সামনে পাকা রাস্তার উপর থেকে মোঃ হারুন (৩০) কে ১ কেজি গাঁজা সহ গ্রেফতার করা হয়।

পুলিশ জানায় গ্রেফতারকৃত আসামী চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার কুড়ুলগাছী মাঝপাড়ার মোঃ আবু তালেব মন্ডলের ছেলে।
পুলিশ আরও জানায় গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করা হয়েছে।

দামুড়হুদার দর্শনায় লকডাউন বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনা

চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের নির্দেশনায় দামুড়হুদার দর্শনায় লকডাউন বাস্তবায়নে মোবাইল পরিচালিত হয়েছে। গতকাল সোমবার দুপুরে দামুড়হুদা উপজেলার দর্শনা বাজারে মোবাইল কোর্ট পরিচালিত হয়।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা যায়, মহামারী করোনা ভাইরাসের সংক্রমণ রোধে ও লকডাউন বাস্তবায়নে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট দিলারা রহমান দামুড়হুদার দর্শনায় মোবাইল কোর্ট পরিচালনা করেন।

এসময় মাস্ক পরিধান না করা, স্বাস্থ্যবিধি না মানার অপরাধে দন্ডবিধি আইনে ২জন কে ৪০০টাকা জরিমানা করেন নির্বাহী ম্যাজিস্ট্রেট দিলারা রহমান।
এসময় তিনি বলেন, সকলে সরকারি নির্দেশনা মেনে চলুন সুস্থ থাকেন। সরকারি নির্দেশনা অমান্য করলে কঠোর আইনগত ব্যবস্থা নেওয়া হবে। এবং অপ্রয়োজনে বাড়ির বাহিরে বের হবেন না। নিজে ও পরিবার কে ঝুকিতে ফেলবেন না। লকডাউন বাস্তবায়ন প্রশাসন কে সহযোগিতা করুন।

আদালত পরিচালনা কাজে সহযোগীতা করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসের পেশকার জিহন আলি, দর্শনা থানার পুলিশ সদস্য প্রমুখ।

দামুড়হুদায় সরকারী গৃহ নির্মাণ কাজ পরিদর্শন করলেন ইউএনও

দামুড়হুদায় সরকারী গৃহ নির্মাণ কাজ পরিদর্শন করেছেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান।

জানা গেছে, গতকাল সোমবার দুপুর দেড় টার দিকে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের রেলগেট সংলগ্ন গৃহহীনদের মাঝে বরাদ্দ দেওয়া ২টি স্থানে ৩০টি ঘর নির্মাণ কাজ পরিদর্শন করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান।

এসময় দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান বলেন, সরকারি গৃহ নির্মাণ কাজে কোনো রকম অনিয়ম দূর্নীতি সহ্য করা যাবে না। যদি কেই এ গৃহ নির্মাণ কাজে অনিয়ম ও দূর্নীতির আশ্রয় নেই তাকে কঠোর আইনের আওতায় আনা হবে। এবং সার্বক্ষণিক এ গৃহ নির্মাণ কাজ নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা হবে। এবং এই গৃহ নির্মান কাজে ভালো মানের উপাদন ব্যবহার করা হচ্ছে। যা সার্বক্ষণিক উপজেলা প্রশাসন তদারকি করে যাচ্ছে।

এসকল গৃহ নির্মাণ প্রকল্প পরিদর্শন কালে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসের পেশকার জিহন আলী।

জীবননগরে বনবিড়াল ধরার ফাঁদে বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে গৃহকর্তার মৃত্যু

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার শিয়ালমারী গ্রামে পোষা কবুতর বাঁচাতে গিয়ে নিজের তৈরী বনবিড়াল ধরার ফাঁদে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে

বকুল হোসেন হোসেন (৩০) নামের এক ব্যক্তির মৃত্যু হয়েছে।

নিহত বকুল হোসেন শিয়ালমারী গ্রামের মো. তুরাপ আলীর ছেলে।

নিহতের স্বজনরা জানায়, বকুল হোসেন দীর্ঘদিন ধরে নিজ বাড়িতে কুবতর পালতো। প্রায়ই রাতে বনবিড়াল তার কবুতরের ঘরে হানা দিয়ে কবুতর খেয়ে ফেলতো। বন বিড়ালের অত্যাচারের হাত থেকে কবুতরগুলো রক্ষার জন্য বনবিড়াল মারতে গতকাল রবিবার রাতে কবুতর ঘরের চারপাশে বৈদ্যুতিক ফাঁদ পেতে রাখে বকুল হোসেন।

আজ সোমবার রাত আনুমানিক সাড়ে ৩ টার দিকে কবুতর ঘরে বনবিড়াল প্রবেশের শব্দ পেয়ে তড়িঘড়ি করে বন বিড়াল মারতে যায় বকুল হোসেন। এসময় নিজের তৈরি বনবিড়াল ধরার বৈদ্যুতিক ফাঁদে বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে মারা যায় বকুল হোসেন।

উথলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবুল কালাম আজাদ বলেন, বনবিড়ালের কবল থেকে কবুতর বাঁচানোর জন্য শিয়ালমারী গ্রামে নিজের তৈরি বনবিড়াল ধরার ফাঁদে বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে বকুল হোসেনের মৃত্যু হয়েছে।

জীবননগর থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. সাইফুল ইসলাম জানান, বিষয়টি তিনি লোকমুখে শুনেছেন।

দামুড়হুদায় মিথ্যা মামলা প্রত্যাহারের দাবিতে পৃথক মানববন্ধন ও প্রতিবাদ সভা

দামুড়হুদা উপজেলা যুবলীগের সাবেক আহ্বায়ক অ্যাড. আবু তালেবের বিরুদ্ধে মিথ্যা মামলা দিয়ে গ্রেফতারের দাবীতে মানববন্ধন কর্মসূচি ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার বিকাল ৪ টার দিকে দামুড়হুদা উপজেলা সদরের বাসস্ট্যান্ডে ও ব্রাকমোড়ে পৃথক পৃথক ভাবে প্রতিবাদ সভা

অনুষ্ঠিত হয়।
মিথ্যা মামলার প্রতিবাদে মানববন্ধন কর্মসূচিতে উপস্থিত বক্তারা বলেন, একটি ষড়যন্ত্রকারী মহল যুবলীগ নেতা অ্যাড. আবু তালেবকে জড়িয়ে মিথ্যা হত্যা মামলায় ফাঁসানো হয়েছে। বক্তারা দাবি করেন অ্যাড. আবু তালেব থানাতে ঘটনার সময় অফিসার ইনচার্জ (ওসি’র) অফিস রুমে অবস্থান করছিলেন।

এসময় থানার গেটে ভাইস চেয়ারম্যানের সাথে নিহত ইস্রাফিল মোল্লাদের সাথে বাকবিতন্ডা শুরু হয়। খবর পেয়ে পুলিশ সহ অ্যাড. আবু তালেব থানার বাহিরে আসেন এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টা করেন যা ভিডিও ফুটেছে স্পষ্ট।

কিন্তুু এরপরও দামুড়হুদা বাসস্ট্যান্ড থেকে শহিদুল ইসলাম ও আবু তালেবকে পুলিশ উঠিয়ে নিয়ে যায়। এবং ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম কে দোষি সাবস্ত করে থানাতে আটক রাখেন।

এসময় অ্যাড. আবু তালেবের কোন দোষ না থাকায় থানার অফিসার ইনচার্জ তাকে ছেড়ে দেন। কিন্তুু এরই কিছুক্ষন পরে একটি রাজনৈতিক কুচক্রী মহল সম্পুর্ণ ষড়যন্ত্র মূলক ভাবে অ্যাড. আবু তালেবের নাম মামলার অন্তর্ভুক্ত করে ২ নং আসামি করেন, যা সম্পুর্ণ মিথ্যা ও সাজানো। এই মিথ্যা মামলা অবিলম্বে প্রত্যাহারের দাবী জানান বক্তারা।

মানববন্ধন ও প্রতিবাদ সভায় বক্তব্য রাখেন দামুড়হুদা উপজেলা যুবলীগ নেতা জাহাঙ্গীর হোসেন, অ্যাড আবু তালেবের ছোট ভাই সাবেক মেম্বার জাহিদুল ইসলাম, আব্দুল মালেক ভূইয়া, জহুরুল ইসলাম ফকির, শাহিন, অ্যাড.আবু তালেবের বড় ছেলে ছাত্রলীগ নেতা বাঁধন। এছাড়াও প্রায় তিন শতাধিক মানুষ মানববন্ধনে অংশ নেন।

চুয়াডাঙ্গায় ভালাইপুর মোড়ে

ভ্রাম্যমাণ আদালতের অভিযান

চুয়াডাঙ্গা সদরের ভালাইপুর মোড় এলাকায় ভ্রাম্যমাণ আদালতের অভিযান চালানো হয়েছে। অভিযানে ৬ জনকে ৪ হাজার চারশত টাকা জরিমানা আদায় করা হয়।

চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মুহাম্মদ সাদিকুর রহমান গতকাল রবিবার বেলা সাড়ে বারোটার সময় চুয়াডাঙ্গা সদরের ভালাইপুর মোড় এলাকায় ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালনা করেন লকডাউন অমান্য করে দোকান খুলে রাখা, মাস্ক পরিধান না করা এবং স্বাস্থ্য বিধি না মানার অপরাধে সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নিমূল) আইন, ২০১৮ এর ২৪ (১)ধারায় ৪টি মামলায় ৬জন কে ৪৪০০/-(চার হাজার চারশত টাকা মাত্র)অর্থদন্ড প্রদান করেন।

এ সময় তিনি বলেন, লকডাউন পরিস্থিতির সকল নিয়ম-নীতি উপেক্ষা করার কারণে তাদের এ জরিমানা করা হয়।
ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালনায় সহযোগিতা করেন সোবহান আলী, পেশকার, আনসার ও ভিডিপি সদস্যাবৃন্দ। জনস্বার্থে এ অভিযান চলতে থাকবে বলে তিনি জানিয়েছেন।

দামুড়হুদায় মানবতার দৃষ্টান্ত স্থাপন করলেন ইউএনও দিলারা রহমান

একের পর এক মানবিকতার দৃষ্টান্ত স্থাপন করে চলেছেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান।
গতকাল শনিবার সরকার ঘোষিত লকডাউনের ৪র্থ দিনে দামুড়হুদার জয়রামপুর গ্রামের সংগ্রামী নারী গৃহবধূ পারভীনাকে ভাগ্যের চাকা ঘুরাতে সহযোগিতা করলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান।

এসময় দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান বলেন, গতকাল ছিলো লকডাউনের চতুর্থ দিন। আর এদিন গৃহবন্দী কর্মহীন মানুষের জন্য অনন্ত মহাকালস্বরূপ। জয়রামপুর গ্রামের গৃহিনী পারভীনার বাস্তবতা যেন তারই প্রতিফলন। প্রতিবন্ধী স্বামীর সংসার, বৃদ্ধ শ্বশুর শাশুড়ী আর ছেলে এতগুলো মানুষের অন্নের সংস্থান করতে প্রতিনিয়ত সংগ্রাম করতে হচ্ছে তাকে।
তার করুণ মিনতি যদি তার প্রায় বন্ধ মুদি দোকানের খাদ্য দ্রব্য কেউ কিনে দিত তবে সে আবার তার ভাগ্যের চাকা সচল করার চেষ্টা করতে পারতো।
তার মনের ইচ্ছা পূরণের জন্য উপজেলা প্রশাসনের পক্ষ থেকে নিত্য প্রয়োজনীয় সামগ্রী দিয়ে তার দোকান সাজিয়ে দেওয়া হলো। হয়তো এটা খুব ক্ষুদ্র প্রয়াস।
তবুও আমরা আশাবাদী ক্ষুদ্র ক্ষুদ্র উদ্যোগের মধ্য দিয়েই সমাজের বৃহৎ পরিবর্তন হবে একদিন।
ইউএনও দিলারা রহমানের এমন মহতি উদ্যোগে তাকে সাধুবাদ জানিয়েছেন উপজেলার সর্ব স্থলের জনগণ।

আলমডাঙ্গায় পুকুরে ডুবে শিশুর মৃত্যু

আলমডাঙ্গার ওসমানপুর গ্রামে পুকুরের পানিতে ডুবে আলভীন (৭) নামের এক শিশুর মৃত্যু হয়েছে।
গতকাল শনিবার দুপুরের দিকে ওই শিশু পানিতে নামলে সবার অজান্তে সে ডুবে যায়।
জানা গেছে, আলমডাঙ্গার ওসমানপুর গ্রামের শামীম উদ্দিনের শিশুপুত্র আলভীন বাড়ির সামনে খেলছিল। দুপুরের দিকে গোসল করতে বাড়ির পাশের পুকুরে নামে।
সবার অলক্ষে সে পানিতে ডুবে যায়। স্বজনরা তাকে খুঁজে না পেয়ে উদ্বিগ্ন হয়ে পড়েন।
পরে পুকুরে নেমে ওই শিশুর লাশ উদ্ধার করে তার স্বজনরা। এ সময় তাদের আহাজারিতে বাতাস ভারি হয়ে ওঠে।

বিকাশে প্রতারণা করে টাকা হাতিয়ে নেয়ার অভিযোগ রকির বিরুদ্ধে

জীবননগর উপজেলা হাসাদাহ বাজারে সুমাইয়া স্টোরে রকেটের মাধ্যমে ১৯হাজার ৩৮০ টাকা প্রতারণা করে হাতিয়ে নেয়ার অভিযোগ উঠেছে রকির বিরুদ্ধে।
সে হাসাদাহ মাঝপাড়ার মুসা আলীর ছেলে। প্রতারণা করে নেয়া টাকা ফেরত না দেয়ায় জীবননগর থানায় একটি প্রতারণা অভিযোগ করা হয়েছে। ভুক্তভুগী বদরুজ্জামান শ্যামল বলেন, গত শুক্রবার বিকালে রকি (২০) বলেন আপনার একটি রকেট পারসোনাল নাম্বার দেন। আমি তখন আমার ব্যবহারিত ০১৭১৩৯০৩৬৩৭ নাম্বার দিলে একটি ১৯ হাজার ৩৮০ টাকার ম্যাসেজ পায়। প্রতারক তখন নগত টাকা না নিয়ে তার ব্যবহারিত নাম্বার বিকাশ ০১৪০৬-০০৫৭৬ এই নাম্বারে ১৮ হাজার টাকা প্রদান করি।
কিন্তু পরবর্তীতে দেখা যায় যে, আমার ব্যালেন্সের সহিত উক্ত ম্যাসেজের টাকার কোন মিল নেই এবং কোন টাকা নেই। পরবর্তীতে বুঝিতে পারি যে, রকি আমার মোবাইল ফোনের নাম্বার হ্যাক করিয়া প্রতারণা পুর্বক উক্ত টাকা আত্মসাত করে নিয়েছে। এই ঘটনার পর আমি রকিকে আটক করি।
পরে তার ভাই রাব্বী (২৫) এসে টাকার ব্যবস্থা করিবে এই মর্মে তাহাকে ছাড়াইয়া নিয়ে গেলেও বর্তমানে অভিযুক্তরা আমার নিকট প্রতারণা করে নেয়া টাকা ফেরত না দিয়ে উল্টো আমাকে নানা ভাবে হুমকি ধামকী দিচ্ছে।
এ বিষয়ে হাসাদাহ ক্যাম্পের এসআই কামাল হোসেন বলেন রকেটের মাধ্যমে টাকা হাতিয়ে নেয়ার একটি অভিযোগ পাওয়া গেছে, উভায়ের কাছে বিষয়টি নিয়ে কথা হয়েছে। এ বিষয়ে আইনের মাধ্যমে ব্যবস্থা নেয়া হবে।